

হজ টিকিটে নিয়মভঙ্গে এজেপিকে চিঠি

- A Monitor Desk Report

Date: 21 January, 2026



ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

Ministry of Religious Affairs

ঢাকাঃ হজ ২০২৬ উপলক্ষ্যে উড়োজাহাজ টিকিটের চাহিদা দিতে হজ প্যাকেজ ও গাইডলাইন মানেনি কিছু লিড এজেপির। সংশ্লিষ্ট এজেপিরগুলোকে দ্রুত সংশোধন করে এয়ারলাইন্সকে চাহিদা পাঠানোর নির্দেশ দিয়েছে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয় থেকে সম্প্রতি ২০২৬ সালের হজ কার্যক্রম পরিচালনাকারী সব লিড এজেপির স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/অংশীদারদের চিঠি পাঠানো হয়েছে।

চিঠিতে বলা হয়, 'হজ প্যাকেজ ও গাইডলাইন-২০২৬' অনুসরণ করে এয়ারলাইন্স বরাবর উড়োজাহাজ টিকিটের চাহিদা দেওয়ার জন্য ২০২৬ সালের হজের সব লিড এজেপিকে অনুরোধ করা হয়। কিন্তু এয়ারলাইন্স বরাবর পাঠানো চাহিদার অনুলিপি পর্যালোচনায় দেখা যায় যে, কিছু লিড এজেপি 'হজ প্যাকেজ ও গাইডলাইন-২০২৬' এবং মন্ত্রণালয়ের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করেনি।

যেসব লিড এজেপি উড়োজাহাজ টিকিটের চাহিদা দিতে হজ প্যাকেজ ও গাইডলাইন এবং মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসরণ করেনি, সে সব লিড এজেপিকে তা সংশোধন করে পুনরায় এয়ারলাইন্স বরাবরে পাঠানোর জন্য চিঠিতে নির্দেশ দেওয়া হয়।

বিষয়টি জরুরি বলেও চিঠিতে উল্লেখ করেছে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

-B